BENGALI

ওয়েষ্ট সাসেক্স এস ই এন ডি (সেন্ড) ইনফরমেশান এ্যাডভাইস এবং সাপোর্ট সার্ভিস

বার্ষিক রিভিউসমূহ

west sussex county council

একটি বাষিক রিভিউ বলতে কি বঝায়?

আপনার বাচ্চার যদি শিক্ষা, স্বাস্থ্য এবং কেয়ারের জন্য পরিকল্পনা (ই এইচ সি প্ল্যান) থাকে তবে পরিকল্পনাটিতে উল্লেখিত ফলাফল অজণে আপনার বাচ্চার অজণ কেমন এবং উক্ত ফলাফল এবং সাপোট বজায় রাখা উপযুক্ত কি না তা বিবেচনার জন্য পযবেক্ষন করতে লোকাল অথোরিটিকে প্রতি ১২ মাসে অন্ততঃ একবার করে রিভিউ করতে হয়। এই পদ্ধতিটিকে বলা হয় বাষিক রিভিউ এবং যারা স্কলে যায় তাদের জন্য আপনার বাচ্চার হেডটিচার কতক এটা ব্যবস্থাপিত হবে। এসব মিটিং সাধারণতঃ আপনার বাচ্চার স্কলে দিনের কোন এক সময়ে অনুষ্ঠিত হয়ে থাকে।

কোন বাচ্চার অগ্রগতির বিষয়ে উদ্বেগ থাকিলে কিংবা আপনার বাচ্চার যদি স্কল পরিবতন করার সময় হয়ে যায় তাহলে একটি বাষিক রিভিউ কিছ সময়ের জন্য এগিয়ে আনা যায়।

পাচ বছরের কম বয়সা বাচ্চাদের যাদের একটি শিক্ষা, স্বাস্থ্য এবং কেয়ারের জন্য পরিকল্পনা/ স্টেটমেন্ট রয়েছে, তাদের রিভিউ প্রতি ছয় মাসে একবার করে করা হবে।

আমার বাচ্চার কেন একটি বাষিক রিভিউ করার দরকার পড়বে?

রিভিউ মিটিং করার উদ্দেশ্য হচ্ছে:

- আপনার, আপনার বাচ্চার এবং আপনার বাচ্চাকে সাহায্য করায় যারা জড়িত রয়েছে এদের সকলের মতামতকে একত্রিত করা।
- আপনার বাচ্চার জন্য যেসব বিশেষ ব্যবস্থা নেয়া হয়েছে সেগুলোর রিভিউ করা।
- ইতিপূবে যেসব লক্ষ্য স্থির করা হয়েছে সেগুলো যেন অজিত হয় তা নিশ্চিত করা এবং পরবতা বছরের জন্য নতন লক্ষ্যাবলা স্থির করা।
- ই এইচ সি প্ল্যান/ স্টেটমেন্ট -এ সম্ভাব্য পরিবতনের জন্য সুপারিশ করা।
- একটি ই এইচ সি প্ল্যান/ স্টেটমেন্টের এখনও প্রয়োজন রয়েছে কি না তা বিবেচনা করা।

বাবা-মা কিভাবে জড়িত হবেন

আপনার মতামত খবই গুরুত্বপূণ এবং বাষিক রিভিউ পদ্ধতিতে আপনার বিজড়িত হওয়া মারাত্মকভাবে প্রয়োজন। গত এক বছরে আপনার বাচ্চার অগ্রগতির বিষয়ে এবং আপনার বাচ্চাকে যেসব সাপোট দেয়া হয় তা তাদের অগ্রগতিতে সহায়তা করে কি না সে বিষয়ে আপনার মতামত অন্যদেরকে জানানোর এটা আপনার জন্য সুযোগ। মিটিংটি অনুষ্ঠিত হবার দু' সপ্তাহ পূবে স্কল কতপক্ষ আপনাকে চিঠি লিখে মিটিংটিতে যোগদানের জন্য আমন্ত্রণ জানাবে এবং আপনার বাচ্চার অগ্রগতির বিষয়ে কোন মন্তব্য করতে চাইলে বা তথ্য দিতে চাইলে তা পাঠানার জন্য আপনাকে অনুরোধ করবে। আপনার বাচ্চার সঙ্গে যারা জড়িত রয়েছে তাদের রিপোটের সাথে সাথে আপনার দেয়া তথ্যের বিষয়েও আলাপ-আলোচনা করা হবে।

বাচ্চারা কিভাবে জড়িত হবে

আপনার বাচ্চা তার বাষিক রিভিউ মিটিংয়ে আংশিক সময় বা পূণ সময়ের জন্য যোগদান করে সক্রিয়ভাবে তার রিভিউ পদ্ধতিতে অংশ গ্রহণ করতে পারে। যদি এটা সম্ভব হয় তাহলে আপনার বাচ্চাকে তার অগ্রগতির বিষয়ে সে কেমন অনুভব করে, তারা কি পছন্দ করে বা কি পছন্দ করে না এবং সাধাণভাবে স্কল কেমন লাগে এসব বিষয়ে জিজ্ঞাসা করা যেতে পারে। এগুলো সাধারণতঃ একটি ফমে লিখতে হয় যা আপনার নিকট পাঠানো হবে আপনার বাচ্চার সঙ্গে একত্রে পূরণ করার জন্য অথবা স্টাফের সাহায্য নিয়ে স্কলেও পূরণ করতে পারবে। আপনি হয়তবা স্কলে জিজ্ঞাসা করতে পারেন আপনার বাচ্চা কিভাবে রিভিউ পদ্ধতিতে সামিল হতে পারে।

রিভিউ মিটিংয়ে কে কে যোগদান করবে?

নিম্নোক্ত সকলকে অবশ্যই আমন্ত্রণ জানাতে হবে:

- আপনি - বাচ্চার বাবা-মা বা তরুণ-তরুণী ব্যক্তি। আপনি মিটিংটিতে যোগদান করে এবং আপনার মতামত শেয়ার করার মাধ্যমে একটি পাথক্য আনতে পারেন (আপনি ইচ্ছা করলে আপনার একজন বন্ধ বা প্রতিনিধিকে সঙ্গে আনতে পারেন)।
- স্কলের পক্ষ থেকে একজন প্রতিনিধি যিনি আপনার বাচ্চাকে জানেন।
- লোকাল অথোরিটির পক্ষ থেকে একজন প্রতিনিধি।
- হেলথ সাভিস থেকে একজন প্রতিনিধি।
- লোকাল অথোরিটির সোশাল কেয়ার থেকে একজন প্রতিনিধি
- অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবগকেও আমন্ত্রণ জানানো উচিৎ হবে।

আমন্ত্রণ জানানো সকলেই যে মিটিংটিতে যোগদান করতে পারবেন তা সম্ভব নাও হতে পারে, তবে হেডটিচারকে এটা নিশ্চিত করতে হবে, যে তারিখটি ধায করা হয় তা যেন আপনার বাচ্চার সঙ্গে যাদের বেশী যোগাযোগ রয়েছে তাদের জন্য সুবিধাজনক হয়।

মিটিংটি হবার পূবে কি হয়ে থাকে?

হেডটিচারকে অবশ্যই একটি লিখিত রিপোটের জন্য নিম্নোক্তদেরকে অনুরোধ জানাতে হবে:

- আপনি (স্কলের পক্ষ থেকে আপনার বাচ্চাকে একটি ফম দেয়া হবে পূরণ করার জন্য)।
- আপনার বাচ্চার টিচারগণ
- রিভিউ মিটিংটিতে অন্যান্য যাদেরকে আমন্ত্রণ জানানো হয়।

হেড টিচারকে অবশ্যই তারপর যা করতে হবে:

- লিখিত রিপোটের কপি রিভিউ মিটিংয়ে আমন্ত্রণ জানানো সকলের নিকট মিটিংটি অনুষ্ঠিত হবার অন্তত পক্ষে দু' সপ্তাহ পূবে পাঠাতে হবে।
- মিটিংটিতে যারা হাজির হতে পারেন নাই তাদের মতামত এবং মন্তব্যসমূহের জন্য অনুরোধ জানাতে হবে।

আপনার রিপোটটিতে কি লিখতে হবে

নিম্নোক্ত বিষয়গুলোর ব্যাপারে আপনি মন্তব্য করলে তা সহায়ক হবে:

- গত বছরে আপনার বাচ্চার অগ্রগতির বিষয়ে আপনার মতামত
- কোন কোন বিষয়ে ভালো হচ্ছে বলে আপনি মনে করেন এবং কোন বিষয়ে আপনার উদ্বিগ্নতা থাকিলে।
- আগামী বছর আপনার বাচ্চার স্কলে কোন কোন প্রয়োজনায়তা রয়েছে বলে আপনি মনে করেন।
- এমন কোন তাৎপযপূণ পরিবতন বা ঘটনা ঘটেছে কি না যাতে আপনার বাচ্চার অগ্রগতি ক্ষতিগ্রস্ত হয়েছে।

স্মরণ রাখবেন, ফমটি পূরণ করা, রিপোটি দেখা এবং বাষিক রিভিউ মিটিংয়ে যোগদান করতে একজন ব্যক্তির জন্য আপনি ওয়েষ্ট সাসেক্স এস ই এন ডি ইনফরমেশান, এ্যাডভাইস এ্যান্ড সাপোট সাভিসের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

রিভিউ মিটিংটিতে যা হবে

কোন বিষয়ে আলাপ হবে?

আপনার বাচ্চা কেমন অগ্রগতি করেছে, গত বছরে তার সকল অর্জণ সহকারে এবং কোন সমস্যা থাকিলে তার সমাধান সহকারে বার্ষিক রিভিউটিতে দৃষ্টি দেয়া হবে। এতে করে যেসব সাপোর্ট বর্তমানে দেয়া হয় সেগুলোর কার্যকারিতার বিষয়ে সকলে মূল্যায়ন করতে পারবেন এবং সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন এবং ই এইচ সি প্ল্যান/স্টেটমেন্টটি যথোপযুক্ত কি না এবং কোন রদবদলের প্রয়োজন রয়েছে কি না তা সিদ্ধান্ত নিতে পারবেন।

ই এইচ সি প্ল্যান/স্টেটমেন্টটির লক্ষ্যাবলী এবং টার্গেটসমূহের সঙ্গে তুলনা করে আপনার বাচ্চার অগ্রগতি কেমন হয়েছে তা রিভিউতে মূল্যায়ন করা হবে। আপনার বাচ্চাকে দেয়া কোন বিশেষ সাজ-সরঞ্জাম এবং অন্যান্য জিনিষপত্র সহকারে আপনার বাচ্চার জন্য যে বিশেষ ব্যবস্থা করা হয়েছে তার কার্যকারিতা কতটুক তার প্রতি এতে বিবেচনা প্রদান করা হবে।

এসব আলোচনায় বাবা-মায়ের পরিপূর্ণভাবে অংশ গ্রহণ করা উচিৎ হবে। মিটিংটির পূর্বে অন্যান্য যারা রিপোর্ট জমা দিবেন সেগুলোর কপি আপনাকে পাঠানো হবে এবং এগুলোর ব্যাপারে প্রশ্ন এবং মন্তব্য করার জন্য আপনাকে সুযোগ দেয়া হবে। প্রশ্নাবলীর একটি তালিকা এবং কোন কোন ব্যাপারে কথা বলতে চান তার একটি লিস্ট সহায়ক হলে আপনি তা আনতে পারেন। আপনি যেকোন প্রশ্ন করতে চাইলে অনায়াসে তা করতে পারবেন এবং প্রয়োজন হলে যেকোন কিছু বুঝিয়ে বলতে অনুরোধ জানাতে ইতস্ততঃ করবেন না। আপনি চাইলে সবদা আপনার সঙ্গে একজন বন্ধু বা সাপোর্টার কিংবা ওয়েষ্ট সাসেক্স এস ই এন ডি ইনফরমেশান, এ্যাডভাইস এ্যান্ড সাপোর্ট সার্ভিসের কাছ থেকে কাউকে সঙ্গে আনতে পারবেন।

মিটিংটি হবার পর কি হবে

মিটিংয়ের পর স্কুলের পক্ষ থেকে রিভিউ মিটিংয়ের ফলাফলের উপর ভিত্তি করে একটি সার-সংক্ষেপ রিপোর্ট প্রস্তুত করা হবে যাতে আগামী বছরের জন্য বিভিন্ন টার্গেট স্থির করা হবে। তারপর মিটিং হবার দু' সপ্তাহের মধ্যে যারা যারা মিটিংয়ে হাজির হয়েছিলেন তাদের সকলের নিকট এই রিপোর্টটি পাঠানো হবে।

মিটিং টি অনুষ্ঠিত হবার পর অবশ্যই ৪ সপ্তাহের মধ্যে লোকাল অথোরিটিকে রিপোর্টের আলোকে বাচ্চাটির শিক্ষা, স্বাস্থ্য এবং কেয়ার প্ল্যান প্রস্তুত করতে হবে এবং নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গ্রহণ করতে হবে:

- কোন রকমের পরিবর্তন ছাড়াই ই এইচ সি প্ল্যান/স্টেটমেন্টটি চালিয়ে যাওয়া
- ই এইচ সি প্ল্যান/স্টেটমেন্টটিতে বিভিন্ন পরিবর্তন আনা
- ই এইচ সি প্ল্যান/স্টেটমেন্টটি-র কার্যক্রম বন্ধ করে দেয়া

আপনি, হেডটিচার এবং অন্য যারা আপনার বাচ্চার সঙ্গে জড়িত রয়েছে তাদের সবাইকে লোকাল অথোরিটিকে তাদের যেকোন সিদ্ধান্ত অবশ্যই জানাতে হবে।

রিভিউটির ফলাফলে যদি এটা দেখা যায় যে, প্ল্যানটি এখনও যথোপযুক্ত, তাহলে হয়তবা আগামী বছরের জন্য আপনার বাচ্চার টার্গেটসমূহ এবং সাপোর্টে কিছু রদবদল করা হতে পারে।

যদি লোকাল অথরিটি আপনার বাচ্চার ই এইচ সি প্ল্যান/স্টেটমেন্টটিতে পরিবর্তন আনতে চায় তবে তারা যেসব পরিবর্তন আনতে চায় সেগুলো এবং পরিবর্তনগুলো আনার কারণসমূহ আপনাকে জানাতে হবে। তারপর আপনি সেগুলো বিবেচনা করার জন্য ১৫ দিন সময় পাবেন।

রিভিউ মিটিংয়ের পর লোকাল অথোরিটি ৮ সপ্তাহ সময় পাবে ই এইচ সি প্ল্যান চূড়ান্ত করতে কিংবা কোন রকমের রদবদল করবে না বলে সিদ্ধান্ত নিতে। আপনি যদি তাদের সিদ্ধান্তে সম্মত না হন তাহলে লোকাল অথোরিটির যে অফিসার জড়িত তার সঙ্গে বিষয়টি নিয়ে আলাপ করতে পারেন।

কোন কোন ক্ষেত্রে লোকাল অথোরিটি সিদ্ধান্ত নিতে পারে যে, ই এইচ সি প্ল্যান/স্টেটমেন্টটির লক্ষ্যাবলী অর্জিত হয়েছে এবং পরিকল্পনাটি 'চালিয়ে যাওয়া বন্ধ করে দেয়া' তাদের উচিৎ। এটা তখনই ঘটবে যদি বাচ্চাটির জন্য ই এইচ সি প্ল্যানটি যে অতিরিক্ত সাপোর্ট প্রদান করে তার আর প্রয়োজন না থাকে। এমতাবস্থায় স্কুল কর্তপক্ষ এস ই এন (সেন) সাপোর্টের মাধ্যমে আপনার বাচ্চাকে সমর্থন প্রদান অব্যাহত রাখবে।

আপনার বাচ্চার ই এইচ সি প্ল্যান/স্টেটমেন্টটিতে যেসব পরিবর্তন আনা হয়েছে সেগুলোর কোনটির বিষয়ে আপনি অসম্মত হলে, কাউন্টির 'ইনডিপেন্ডেন্ট মিডিয়েশান সার্ভিসের সঙ্গে যোগাযোগ করার আপনার অধিকার রয়েছে এবং/বা স্পেশাল এডুকেশান নীডস এ্যান্ড ডিজ্যাবিলিটি ট্রাইবনাল (এস ই এন ডি ট্রাইবন্যাল) -এ আপীল করার আপনার অধিকার রয়েছে। ওয়েষ্ট সাসেক্স এস ই এন ডি (সেন্ড) ইনফরমেশান এ্যাডভাইস এ্যান্ড সাপোর্ট সার্ভিস-এ ০৩৩০ ২২২ ৮৫৫৫ এই নম্বরে ফোন করে আরও বিস্তারিত জানতে পারেন।

বিশেষ ব্যবস্থাসমূহ

ইয়াস ৫/৬ - ইয়ার ৫ এর বার্ষিক রিভিউর সময় আপনার বাচ্চার প্রাইমারী স্কুল থেকে সেকেন্ডারী স্কুলে ট্র্যান্সফারের বিষয়টি বিবেচনায় রাখা উচিৎ হবে, যাতে পরিকল্পনা (প্ল্যান) করার সময় থাকে এবং আপনি কোন কোন অপশান পেতে পারেন তা পছন্দ করতে পারেন। ইয়ার ৫ এর রিভিউ সামার টার্মে হওয়া উচিৎ যাতে করে ট্র্যান্সফারের বছর ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে পরিবর্তিত এডুকেশান হেলথ কেয়ার প্ল্যানটি দেয়া যেতে পারে। সেকেন্ডারী স্কুলের স্পেশাল এডুকেশানাল নীডস কো-অর্ডিনেটর (সেনকো) কে ইয়ার ৫ এবং ইয়ার ৬ রিভিউগুলোতে যোগদানের জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে।

ট্র্যানজিশান রিভিউ বলতে কি বুঝায়?

ইয়ার ৯ এবং তার উর্ধে বার্ষিক রিভিউ-তে আপনার বাচ্চার ট্র্যানজিশানের সময় যেসব প্রয়োজনীয়তা দেখা দেয় সেগুলোর প্রতি দৃষ্টি দেয়া এবং স্বাভাবিক বার্ষিক রিপোর্টের অতিরিক্ত হিসেবে একটি ট্র্যানজিশান প্ল্যান অবশ্যই প্রস্তুত করতে হবে। এই ট্র্যানজিশান প্ল্যানটি আপনার বাচ্চাটি স্কুল ছেড়ে যাওয়া পর্যন্ত পরবর্তী সকল বার্ষিক রিভিউর সময় হাল নাগাদ করতে হবে। রিভিউ-তে যারা জড়িত থাকবে:

স্কুলটি, আপনার বাচ্চাকে সমর্থন দেয়ার জন্য ক্রমাগত স্কুলের যেসব প্রভিশান রয়েছে সেগুলোর বিষয়ে তথ্য প্রদান করবে।

আপনি এবং আপনার পরিবার, আপনার বাচ্চাটি স্কুল ছেড়ে যাবার পর তার জন্য কি চান সে বিষয়ে আপনাদের মতামত জানাবেন এবং তাদের সাবালক বয়সে ব্যক্তিগত এবং সামাজিক দক্ষতার উন্নয়নে কি ধরনের প্র্যাকটিক্যাল হেলপ তাদের হয়ত প্রয়োজন পড়তে পারে সে বিষয়ে আলোচনা করবেন।

আপনার বাচ্চা, হয়তবা তার চাহিদার বিষয়ে সে কি অনুভব করে এবং স্কুল ছেড়ে যাবার পর সে কি করতে চায় তা জানাতে পারবে।

(ইয়ার ১১ থেকে) - একজন কেরিয়ার্স এ্যাডভাইজার, ট্র্যানজিশান প্ল্যান অনুযায়ী কাজ কর্মের বিষয়ে নিশ্চিত করার ব্যাপারে দায়িত্ব পালন করবেন।

অবস্থার উপর নির্ভর করে, নিম্নোক্ত সার্ভিসও সামিল থাকতে পারে:

সোশাল কেয়ার সার্ভিসেস, ডিজএ্যাবলড পার্সন্স এ্যাক্ট ১৯৮৬ইং এর আওতায় কোন এ্যাসেসমেন্ট করতে হলে, বা একটি বাচ্চা পাবলিক কেয়ার বা একটি 'চাইল্ড ইন নীড' এর আওতায় হলে তার ব্যবস্থা করবে।

হেলথ সার্ভিস, স্বাস্থ্য সেবার বিষয়ে পরামর্শ দিবে স্বাভাবিকভাবে যার প্রয়োজন হবে।

আমাদের সঙ্গে কিভাবে যোগাযোগ করবেন

হেলপলাইন:
ফোন: ০৩৩০ ২২২ ৮৫৫৫

ডাকযোগে:
এস ই এন ডি ইনফরমেশান, এ্যাডভাইস এ্যান্ড সাপোর্ট সার্ভিস
সেইন্ট জেইমস ক্যাম্পাস
সেইন্ট জেইমস রোড
চিচেস্টার
ওয়েস্ট সাসেক্স
পি ও ১৯ ৭ এইচ এ

ই-মেইলের মাধ্যমে: send.ias@westsussex.gov.uk

আপনি আমাদের ওয়েব পেইজেস ভিজিট করতে পারেন:
https://westsussex.local-offer.org/services/7

এস ই এন ডি = স্পেশাল এডকেশানাল নীডস্ এ্যান্ড ডিজএ্যাবেলিটিজ

ওয়েস্ট সাসেক্স এস ই এন ডি ইনফরমেশান, এ্যাডভাইস এ্যান্ড সাপোর্ট সার্ভিসের ভূমিকা হচ্ছে সকল বাবা-মা যেন নিরপেক্ষ তথ্য, পরামর্শ এবং সাপোর্টের বিষয়ে জানতে পারেন যাতে করে তারা তাদের বাচ্চাদের বিশেষ শিক্ষাগত চাহিদাসমূহের বিষয়ে জেনে শুনে সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। ওয়েস্ট সাসেক্স এস ই এন ডি ইনফরমেশান, এ্যাডভাইস এ্যান্ড সাপোর্ট সার্ভিসের সঙ্গে যেকোন তথ্য শেয়ার করা হলে তা গোপনীয় থাকবে যদি না অন্য কোন ব্যক্তি, সার্ভিসেস এবং এজেন্সীর সঙ্গে শেয়ার করার জন্য অনুমতি গ্রহণ করা হয়, যাতে তারা পরিবারটিকে তাদের অবস্থানুযায়ী সাহায্য করতে পারে।

west sussex county council

www.westsussex.gov.uk
WS187(5) 09.15